# চাকরির বাজারের সঙ্গে শিক্ষাব্যবস্থার সমন্বয় করা হবে: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

শ্রমবাজারের প্রয়োজন ও চাহিদার সঙ্গে শিক্ষাব্যবস্থার সামঞ্জস্য তৈরি করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। এ জন্য প্রচলিত শিক্ষাব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন আনার পরিকল্পনা সরকারের রয়েছে বলেও জানান তিনি।
অর্থমন্ত্রী বলেন, বিএনপি সরকার শিক্ষাখাতে দেশের ইতিহাসে সর্বোচ্চ বাজেট বরাদ্দ ও বাস্তবায়ন করছে। শিক্ষাকে আরও কার্যকর ও সময়োপযোগী করতে সরকার বিভিন্ন উদ্যোগ নিচ্ছে।

তিনি বলেন, শিক্ষাকে জীবন ও কর্মমুখী করার দিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। একটি মানসম্মত শিক্ষাব্যবস্থা দেশের সামগ্রিক উন্নয়ন ও অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। তাই শিক্ষার গুণগত মান বাড়ানোর পাশাপাশি কর্মক্ষেত্রের সঙ্গে শিক্ষার যোগসূত্র তৈরি করা প্রয়োজন।

LENS ASIA

চলতি অর্থবছরে জিডিপির প্রবৃদ্ধি ৫ শতাংশে নেওয়ার লক্ষ্যে সরকার কাজ করছে বলেও জানান অর্থমন্ত্রী।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন, ইউজিসি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট আরও অনেকে উপস্থিত ছিলেন।